



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬  
www.dpe.gov.bd



নম্বর: ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০৮.২০-২১১

তারিখ: ০২ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ  
২৬ মে ২০২২ খ্রিস্টাব্দ

### সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ ২০২০-এর ৩য় ধাপের লিখিত পরীক্ষা আগামী ৩ জুন ২০২২ তারিখ রোজ শুক্রবার সকাল ১০:৩০ ঘটিকা হতে ১২:০০ ঘটিকা পর্যন্ত পর্যায়ক্রমে বিভিন্ন জেলায় অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ কার্যক্রম নিয়োগ বিধি অনুসরণপূর্বক সম্পূর্ণ স্বচ্ছতা ও নিরপেক্ষতার সাথে সম্পন্ন করা হয়। প্রার্থীদের রোল নম্বর, আসন বিন্যাস, প্রশ্নপত্র প্রেরণ ও মুদ্রণ, উত্তরপত্র মূল্যায়ন, ফলাফল প্রস্তুতসহ যাবতীয় কাজ সফটওয়্যারের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে করা হয়। এ ছাড়া জেলা প্রশাসন ও আইন শৃঙ্খলা বাহিনীর সহায়তায় পরীক্ষা কেন্দ্রের নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে এবং গোয়েন্দা তৎপরতা জোরদার করা হয়েছে। এক্ষেত্রে কোন ধরনের অবৈধ হস্তক্ষেপের সুযোগ নেই। এমতাবস্থায়, দালাল বা প্রতারক চক্রের প্রলোভনে প্রলুব্ধ হয়ে কোন প্রকার অর্থ লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। অর্থ লেনদেন বা অন্য কোন অনৈতিক উপায়ে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে নিয়োগ পাবার কোন সুযোগ নেই। মেধা ও যোগ্যতার ভিত্তিতেই চাকরি হবে। কেউ অর্থের বিনিময়ে চাকরি দেয়ার প্রলোভন দেখালে তাকে নিকটস্থ থানায় সোপর্দ করা অথবা থানা বা গোয়েন্দা সংস্থাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।



আলমগীর মুহম্মদ মনসুরুল আলম  
মহাপরিচালক (গ্রেড-১)  
টেলিফোন-০২ ৫৫০৭৪৭৭৭

ইমেইল-dgprimarybd@gmail.com

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট/উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো/জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)
- ৪। বিভাগীয় কমিশনার (সকল)
- ৫। মেট্রোপলিটন পুলিশ কমিশনার, সিলেট/ময়মনসিংহ/খুলনা/বরিশাল/রাজশাহী/রংপুর বিভাগ।
- ৬। পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।(সতর্কীকরণ বিজ্ঞপ্তিটি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। জেলা প্রশাসক (সকল)
- ৮। পুলিশ সুপার (সকল)
- ৯। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)
- ১০। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ১১। তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (বিষয়টি সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ব্যাপকভাবে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- ১২। সম্পাদক/প্রকাশক/বিজ্ঞাপন ম্যানেজার,.....(তঁর পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)